



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট

ডিসিএম সার্কুলার নং- ০১/২০২০

তারিখ: ০৮ চৈত্র, ১৪২৬
২২ মার্চ, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,


COVID-19 এর সংক্রমণ প্রতিরোধকল্পে এবং নিরাপদ ক্যাশ ব্যবস্থাপনায় তফসিলি ব্যাংকসমূহের করণীয় প্রসঙ্গে।

বিশ্বব্যাপী Novel Corona Virus Disease (COVID-19) এর বিস্তার এবং বাংলাদেশে এর প্রাদুর্ভাব বিষয়ে আপনারা অবগত আছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে প্রাথমিকভাবে COVID-19 এর মতো উচ্চ সংক্রমণশীল ভাইরাস-কে নিয়ন্ত্রণ করা সম্ভব না হলে বাংলাদেশের ন্যায় ঘন বসতিপূর্ণ দেশে রোগটির ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি হতে পারে। অতিমাত্রায় সংক্রামক COVID-19 এর বিস্তারে নগদ অর্থের লেনদেনকে ইতোমধ্যে একাধিক স্বাস্থ্য সংস্থা কর্তৃক ঝুঁকিপূর্ণ ঘোষণা করা হয়েছে।

০২। বৈশ্বিক অভিজ্ঞতা ও আমাদের আর্থ-সামাজিক বাস্তবতাকে বিবেচনায় নিয়ে COVID-19 নিয়ন্ত্রণে তফসিলি ব্যাংকসমূহের ক্যাশ ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত সতর্কতামূলক কার্যক্রম গ্রহণের পরামর্শ প্রদান করা হলঃ

- ১) তফসিলি ব্যাংকের সকল শাখার ক্যাশ কাউন্টারে কাজ করার সময় ক্যাশ কর্মকর্তা/কর্মচারীগণ মুখে মাস্ক ও হাতে গ্লাভস পরিহিত অবস্থায় জনসারধারণ/গ্রাহকের নিকট হতে অর্থ গ্রহণ ও প্রদান করবেন এবং নোট গণনা/নাড়াচাড়ার পর হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার/সাবান দিয়ে হাত ধৌত করবেন;
- ২) নগদ অর্থ নাড়াচাড়ার পর তার নিজ হাত জীবাণুমুক্তকরণের পূর্বে কোনভাবেই হাত দিয়ে অফিসের অন্য কোন জায়গা স্পর্শ করবেন না যেখানে অন্যদেরকেও স্পর্শ করতে হয়;
- ৩) ক্যাশ বিভাগের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যক্তিরেকে ব্যাংক শাখার অন্য কোন কর্মকর্তা ক্যাশ কাউন্টার/ডল্ট এলাকায় প্রবেশ করবেন না। যদি কোন বিশেষ প্রয়োজনে প্রবেশ করতে হয়, তাহলে ক্যাশ কাউন্টারে প্রবেশ ও প্রস্থানের পূর্বে তাকে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার /সাবান দিয়ে হাত ধৌত করতে হবে;
- ৪) নগদ লেনদেনের উদ্দেশ্যে ব্যাংক শাখায় আগত জনসাধারণ ও গ্রাহকগণ যাতে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার/সাবান দিয়ে হাত ধৌত করতে পারেন, সে বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- ৫) ব্যাংকসমূহের শাখা পর্যায়ে প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ও হ্যান্ড গ্লাভস সরবরাহের জন্য ব্যাংক ব্যবস্থাপনা দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে;
- ৬) পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় আপাতত নগদ উত্তোলনের পরিবর্তে চেক প্রদান, মানি ট্রান্সফার বা অন-লাইন ব্যাংকিংসহ অন্যান্য ব্যাংকিং ইনস্ট্রুমেন্ট ব্যবহারের জন্য গ্রাহককে উৎসাহিত করতে হবে;
- ৭) ডিসিএম সার্কুলার ০৮/২০১৫ তারিখ ০৭/০৯/২০১৫ এবং ডিসিএম পরিপত্র নং-ইহিশাঃ২৩(পলিসি)/২০১৩-১৫ তারিখ ১৪/০১/২০১৩ এ প্রদত্ত নির্দেশনা অনুসারে তফসিলি ব্যাংকসমূহ মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা ও ক্রটিপূর্ণ নোট গ্রহণ এবং উহার বিনিময় মূল্য প্রদান কার্যক্রম অব্যাহত রাখবে।

আপনাদের বিশ্বস্ত


(মোঃ গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০০৯০